দৈনিক বাংলা

তারিখ ... 25.1.85 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 5 ...

11 ৭

656

ডক্টর আল মুতী বিজ্ঞানকে জনপ্রিয় করেছেন : শিক্ষামন্ত্রী

(স্টাফ রিপোর্টার)

শিক্ষামন্ত্রী ডক্টর আবদুল মজিদ খান বিজ্ঞান ও প্রযুক্তির সঙ্গে যোগসূত্র স্থাপনের আহ্বান জানিয়ে বলেছেন, বিজ্ঞান ও প্রযুক্তির সঙ্গে যোগসূত্রহীনতার কারণেই আজ আমাদের শিক্ষাঙ্গনে অবক্ষয়। তরুণদের মধ্যে স্বপ্ন নেই।

গতকাল গ্রন্থভবনে ইউনেস্কো কলিঙ্গ পুরস্কারপ্রাপ্ত ডক্টর আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীনের রচনাবলীর ওপর আয়োজিত আলোচনা সভায় শিক্ষামন্ত্রী এ আহ্বান জানান। অনুষ্ঠানের উদ্যোক্তা ছিল বিজ্ঞান গণশিক্ষা কেন্দ্র এবং জাতীয় গ্রন্থকেন্দ্র।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর মুহম্মদ শামসুল হক। আলোচনা করেন সর্বজনাব ফজলে রাব্বি, ডক্টর মুহাম্মদ ইব্রাহীম, ডক্টর আলী আসগর, আতোয়ার রহমান, প্রফেসর জহুরুল হক, প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান, গাজী শামসুর রহমান এবং ডক্টর আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দিনের ইউনেস্কো কলিঙ্গ পুরস্কার প্রাপ্তি উপলক্ষে গতকাল সন্ধ্যায় জাতীয় গ্রন্থ কেন্দ্রে আলোচনা সভা —দৈনিক বাংলা

শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

শিক্ষামন্ত্রী বলেন, এদেশে বিজ্ঞানকে জনপ্রিয় করার ক্ষেত্রে ডক্টর আবদুল্লাহ আল মুতী অগ্রনায়কের ভূমিকা পালন করেছেন। ইউনেস্কোর কলিঙ্গ পুরস্কার একটি অন্যতম শ্রেষ্ঠ পুরস্কার।

সভাপতির বক্তৃতায় প্রফেসর মুহম্মদ শামসুল হক বলেন, ডক্টর আবদুল্লাহ আল মুতীর মধ্যে সাহিত্যিক মন এবং বিজ্ঞানীর জ্ঞানের অপূর্ব সংমিশ্রণ ঘটেছে। পুরস্কার প্রাপ্তি শুধু তাঁরই নয়, এ সম্মান সমগ্র বিজ্ঞানসেবী ও দেশের সম্মান।

ডক্টর আবদুল্লাহ আল মুতী বলেন, কুসংস্কার এবং অপবিজ্ঞান আমাদের পশ্চাদপদ করে রাখছে। দেশের সার্বিক উন্নয়নে বিজ্ঞানী ও সমাজকর্মীদের ঐক্যবদ্ধ প্রচেষ্টা চালানোর ওপর তিনি গুরুত্ব আরোপ করেন।

ডক্টর আলী আসগার তাঁর আলোচনায় বলেন, দীর্ঘ ৪০ বছর ধরে আবদুল্লাহ আল মুতী বিজ্ঞানের ওপর লিখছেন। তাঁর ভাষা সাবলীল, লেখায় আশাবাদ রয়েছে। নিছক লেখাই নয়, কাজটি তিনি করেছেন গভীর দায়িত্ববোধ থেকে।

জনাব আতোয়ার রহমান বলেন, বাংলা সাহিত্যে বিজ্ঞান সাহিত্য রচনার যে ধারা ও ঐতিহ্য, বাংলাদেশে তার একমাত্র প্রতিনিধি হলেন আবদুল্লাহ আল মুতী। তাঁর রচনাবলীর বৈশিষ্ট্য হচ্ছে লেখাগুলোর ধারাবাহিকতা, সুন্দর বিশ্লেষণ, প্রাঞ্জল ভাষা এবং পরিচ্ছন্ন উপস্থাপনা।

১৯৫৫ সাল থেকে এ পর্যন্ত ডক্টর আবদুল্লাহ আল মুতীর মোট ৩৩টি বই প্রকাশিত হয়েছে। বই ৩৩টি গতকাল অনুষ্ঠান চলাকালে প্রদর্শিত হয়।